# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৬৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৪. সূরাহ আল-ফালাক্ব ও সূরাহ আন-নাস সম্পর্কে

باب فِي الْمُعَوِّذَتَيْنِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدٍ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ، عَنْ أَبِيهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ بَيْنَا أَنَا أَسِيرُ، مَعَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم بَيْنَ الْجُحْفَةِ وَالأَبْوَاءِ إِذْ غَشِيَتْنَا رِيحٌ وَظُلْمَةٌ شَدِيدَةٌ فَجَعَلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَتَعَوَّذُ بِـ ( أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ ) وَ ( أَعُوذُ بِرَبِّ النَّاسِ ) وَيَقُولُ " يَا عُقْبَةُ تَعَوَّذْ بِهِمَا فَمَا تَعَوَّذَ مُتَعَوِّذٌ بِمِثْلِهِمَا " . قَالَ وَسَمِعْتُهُ يَؤُمُّنَا بِهِمَا فِي الصَّلاَةِ .

صحيح –

বাংলা

১৪৬৩। ’উক্ববাহ ইবনু ’আমির (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আল-জুহফা ও আল-আবওয়ার মধ্যবর্তী এলাকায় সফরকালে আমরা হঠাৎ প্রবল বাতাস ও ঘোর অন্ধকারের কবলে পড়ি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’কুল আ’ঊযু বিরব্বিল ফালাক্ব এবং কুল আ’ঊযু বিরব্বিন নাস’ সূরাহ দু’টি পাঠ করে আশ্রয় প্রার্থনা করতে লাগলেন এবং বললেনঃ হে ’উকবাহ! এ সূরাহ দু’টি দ্বারা পানাহ চাও। কেননা পানাহ চাওয়ার জন্য এরূপ সূরাহ নেই। বর্ণনাকারী বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এ দু’টি সূরাহ দ্বারা সালাতের ইমামতি করতেও শুনেছি।[1]

সহীহ।

## English

Narrated Uqbah ibn Amir:

White I was travelling with the Messenger of Allah (ﷺ) between al-Juhfah and al-Abwa', a wind and intense darkness enveloped us, whereupon the Messenger of Allah (ﷺ) began to seek refuge in Allah, reciting: "I seek refuge in the Lord of the dawn," and "I seek refuge in the Lord of men."

He then said: Uqbah, use them when seeking refuge in Allah, for no one can use anything to compare with them for the purpose.

Uqbah added: I heard him reciting them when he led the people in prayer.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : আশ্রয় প্রার্থনা করা, হাঃ ৫৪৫৩), দারিমী (অধ্যায় : ফাযায়িলি কুরআন, অনুঃ সূরাহ নাস ও ফালাক্বের ফাযীলাত, হাঃ ৩৪৪০), হুমাইদী ‘মুসনাদ’ (হাঃ ৮৫১) সাঈদ মাক্ববুরী হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58781

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন